# সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৫১৬

৪০/ সালাম (كتاب السلام)

পরিচ্ছেদঃ ১৭. যাদু-টোনা

باب السِّحْرِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ هِشَامٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ سُحِرَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم . وَسَاقَ أَبُو كُرَيْبٍ الْحَدِيثَ بِقِصَّتِهِ نَحْوَ حَدِيثِ ابْنِ نُمَيْرٍ وَقَالَ فِيهِ فَذَهَبَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِلَى الْبِئْرِ فَنَظَرَ إِلَيْهَا وَعَلَيْهَا نَخْلٌ . وَقَالَتْ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ فَأَخْرِجْهُ . وَلَمْ يَقُلْ أَفَلاَ أَحْرَقْتَهُ وَلَمْ يَذْكُرْ " فَأَمَرْتُ بِهَا فَدُفِنَتْ " .

বাংলা

৫৫১৬। আবূ কুরায়ব (রহঃ) ... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে যাদু করা হয়েছিল। আবূ কুরায়ব (রহঃ) এ হাদীসটি পুর্ণ বিবরণসহ (পূর্বোক্ত) ইবনু নুমায়র (রহঃ) বর্ণিত হাদীসের মর্মানুযায়ী রিওয়ায়াত করেছেন। তাতে তিনি এও বলেছেন, পরে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুয়ার কাছে গেলেন এবং সেটির (চার) দিকে নযর করলেন। সেখানে খেজুর গাছ ছিল। তিনি [আয়িশা (রাঃ)] আরও বলেন, আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ তা হলে আপনি তা (জনসমক্ষে) বের করে ফেলেন। তিনি [আবূ কুরায়ব (রহঃ)] "তা হলে আপনি তা পুড়ে ফেললেন না কেন?" অংশটি রিওয়ায়াত করেননি এবং "আমি হুকুম দিলে তা দাফন করে দেওয়া হল" (কথাটিও) উল্লেখ করেননি।

## English

'A'isha reported that Allah's Messenger (ﷺ) was affected with a spell, the rest of the hadith is the same but with this variation of wording:
" Allah's Messenger (ﷺ) went to the well and looked towards it and there were trees of date-palm near it. I ('A'isha) said: I asked Allah'& Messenger (ﷺ) to bring it out, and 1 did not say: Why did not you burn it?" And there is

no mention of these words:" I commanded (to bury them and they buried."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=15386

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন